

প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন আহম্মেদের প্রতি যুক্তরাষ্ট্র দূতাবাসের অভিনন্দন

ঢাকা, ৩০শে অক্টোবর -- প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন আহম্মেদ তত্ত্বাধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণ করায় যুক্তরাষ্ট্র দূতাবাস তাকে অভিনন্দন জানিয়েছে। যুক্তরাষ্ট্র দূতাবাস থেকে প্রকাশিত এক বিবৃতিতে বলা হয়েছে:

”প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন আহম্মেদ তত্ত্বাধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণ করায় যুক্তরাষ্ট্র দূতাবাস তাকে অভিনন্দন জানাচ্ছে। আমরা বাংলাদেশে একটি অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন অনুষ্ঠানে নেতৃত্ব দানের ব্যাপারে তার প্রতিশ্রুতি পূরণে সাফল্য কামনা করি। আমরা ঢাকার সড়কগুলোতে তুলনামূলক শান্ত পরিস্থিতি ফিরে আসায় স্বাগত জানাচ্ছি এবং রাজনৈতিক দলগুলোর নেতৃত্বকে সর্বোচ্চ সংযম প্রদর্শন ও রাজনৈতিক সহিংসতার কোন পুনরাবৃত্তি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাচ্ছি।”

=====

জিআর / ২০০৬